

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ১৫, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

জেলা পরিষদ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৫ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ/০৯ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৮৪-আইন/২০১৯।—জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন) এর ধারা ৭৩ এর উপ-ধারা (১) ও উপ-ধারা (২) এর দফা (ছ) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা জেলা পরিষদ (তহবিল ও বিশেষ তহবিল) বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) “আইন” অর্থ জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন);

(খ) “আর্থিক প্রতিষ্ঠান” অর্থ আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন) এর ধারা ২ এর দফা (খ) তে সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠান;

(গ) “তপশিলি ব্যাংক” অর্থ Bangladesh Bank Order, 1972 (P.O. No. 127 of 1972) এর Article 2(j) তে সংজ্ঞায়িত Scheduled Bank;

(ঘ) “তহবিল” অর্থ ধারা ৪২ এর উপ-ধারা (১) এ উল্লিখিত জেলা পরিষদ তহবিল;

(২২২৪৯)

মূল্য : টাকা ৪.০০

- (৬) “ধারা” অর্থ আইনের ধারা;
- (৮) “পরিষদ” অর্থ ধারা ২ এর দফা (৪) তে সংজ্ঞায়িত পরিষদ;
- (ছ) “প্রধান নির্বাহী কর্মকর্তা” অর্থ এই বিধিমালার অধীন সুনির্দিষ্ট দায়িত্ব পালনের নিমিত্ত ধারা ৩৯ এর অধীন নিয়োগকৃত প্রধান নির্বাহী কর্মকর্তা;
- (জ) “বিশেষ তহবিল” অর্থ ধারা ৪৩ এর উপ-ধারা (৩) এর অধীন কোনো বিশেষ উদ্দেশ্যে গঠিত তহবিল;
- (ঝ) “সভা” অর্থ ধারা ৩৩ এর অধীন অনুষ্ঠিত পরিষদের সভা; এবং
- (ঝঃ) “সরকার” অর্থ এই বিধিমালার উদ্দেশ্যে পূরণকল্পে স্থানীয় সরকার বিভাগ।

২। এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই একই অর্থে ব্যবহৃত হইবে।

৩। তহবিল পরিচালনা, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান।—(১) ধারা ৭৩ এর উপ-ধারা (২) এর দফা (ছ) এর উদ্দেশ্যে পূরণকল্পে তহবিলের পরিচালনা, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান পরিষদের উপর ন্যস্ত থাকিবে।

(২) ধারা ৪৩ এর উপ-ধারা (১) এর বিধান অনুসারে তহবিলের অর্থ কোনো সরকারি ট্রেজারিতে বা সরকারি ট্রেজারির কার্য পরিচালনাকারী কোনো ব্যাংকে জমা ও সংরক্ষণ করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এ যাহা কিছুই থাকুক না কেন, প্রয়োজনে, সরকারের পূর্বানুমোদনক্রমে, কোনো তপশিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে তহবিলের অর্থ জমা ও সংরক্ষণ করা যাইবে।

(৪) চেয়ারম্যানের তত্ত্বাবধানে প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাব পরিচালনা করিবেন এবং সভায় উক্তরূপ পরিচালনার বিষয়টি, সময় সময়, অনুমোদিত হইতে হইবে।

(৫) তহবিল পরিচালনার ক্ষেত্রে, সময় সময়, সরকার কর্তৃক জারীকৃত নীতিমালা ও প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

৪। বিশেষ তহবিল পরিচালনা, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান।—(১) ধারা ৭৩ এর উপ-ধারা (২) এর দফা (ছ) এর উদ্দেশ্যে পূরণকল্পে বিশেষ তহবিলের পরিচালনা, নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান পরিষদের উপর ন্যস্ত থাকিবে।

(২) বিশেষ তহবিল যে উদ্দেশ্যে গঠিত হইয়াছে, উহা বাস্তবায়নের জন্য সভার সিদ্ধান্তে বিশেষ তহবিলে জমাকৃত অর্থ ব্যয় করা যাইবে।

(৩) বিশেষ তহবিলের অর্থ কোনো সরকারি ট্রেজারিতে বা সরকারি ট্রেজারির কার্য পরিচালনাকারী কোনো ব্যাংকে জমা ও সংরক্ষণ করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, প্রয়োজনে, সরকারের পূর্বানুমোদনক্রমে, কোনো তপশিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে বিশেষ তহবিলের অর্থ জমা ও সংরক্ষণ করা যাইবে।

(৫) চেয়ারম্যানের তত্ত্বাবধানে প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাব পরিচালনা করিবেন এবং সভায় উক্তবৃপ্তি পরিচালনার বিষয়টি, সময় সময়, অনুমোদিত হইতে হইবে।

(৬) বিশেষ উদ্দেশ্য পূরণ বা নির্দিষ্ট কার্য সম্পাদনের পর বিশেষ তহবিল বাতিল করা যাইবে, উক্ত তহবিলে গচ্ছিত অর্থ, যদি থাকে, সরকারি নির্দেশনার আলোকে সভায় সিদ্ধান্তক্রমে সংশ্লিষ্ট হিসাবে স্থানান্তর করিতে হইবে।

(৭) বিশেষ তহবিল পরিচালনার ক্ষেত্রে, সময় সময়, সরকার কর্তৃক জারীকৃত নীতিমালা ও প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

৫। তহবিল ও বিশেষ তহবিলের অর্থ বিনিয়োগ।—(১) ধারা ৪৩ এর উপ-ধারা (২) এ বর্ণিত বিধান বাস্তবায়নের লক্ষ্যে তহবিলের বার্ষিক উদ্বৃত্তের একাংশ, সভায় সিদ্ধান্ত গ্রহণপূর্বক, সরকারের পূর্বানুমোদনক্রমে, বুঁকিমুক্ত, নিরাপদ ও লাভজনক কোনো খাত বা কর্মসূচিতে বিনিয়োগ করা যাইবে।

(২) ধারা ৭৩ এর উপ-ধারা (২) এর দফা (ছ) এর উদ্দেশ্যে পূরণকল্পে, সরকারের অনুমোদনক্রমে, যে বিশেষ উদ্দেশ্যে তহবিল গঠন করা হইয়াছে উহা সংশ্লিষ্ট খাত বা কর্মসূচিতে বিনিয়োগ করা যাইবে।

(৩) তহবিল বা বিশেষ তহবিলের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে, সময় সময়, সরকার কর্তৃক জারীকৃত নীতিমালা ও প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

(৪) উপ-বিধি (১) ও (২) এর অধীন বিনিয়োগকৃত অর্থ হইতে প্রাপ্ত মুনাফা তহবিল বা, ক্ষেত্রমত, বিশেষ তহবিলে জমা করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হেলালুন্দীন আহমদ
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd